রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, সেপ্টেম্বর ২২, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩১৪-আইন/২০২৪।**—সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯(১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা ফরেন সার্ভিস একাডেমি (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"জিপিএ"** অর্থ Grade Point Average (GPA);

(গ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ঙ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(চ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;


**মূল্য :** টাকা ২৪.০০

(জ) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান"** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্যপূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিল-১ এ বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত

কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদে দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত করা না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশ।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদে কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদে শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন :

তবে শর্ত থাকে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিল-১ এ বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৭। **বিশেষ বিধান।**—(১) বিধি ৩ এর উপ-বিধি ১ এর দফা (গ) এ বর্ণিত প্রেষণের মাধ্যমে নিয়োগের ক্ষেত্র ব্যতিরেকে ফরেন সার্ভিস একাডেমির সাংগঠনিক কাঠামোর অন্তর্ভুক্ত পদে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীগণ ফরেন সার্ভিস একাডেমিতে পদায়িত হইবেন এবং তাহারা অন্যত্র বদলিযোগ্য হইবেন না।

(২) তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

**তফসিল-১**

**[বিধি ২(গ) ও বিধি ৩ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | রেক্টর | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিসিএস (পররাষ্ট্র বিষয়ক) ক্যাডারের গ্রেড-১ পর্যায়ের কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ২। | মেম্বার ডাইরেক্টিং স্টাফ (এমডিএস) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিসিএস (পররাষ্ট্র বিষয়ক) ক্যাডারের মহাপরিচালক পর্যায়ের কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ৩। | পরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিসিএস (পররাষ্ট্র বিষয়ক) ক্যাডারের পরিচালক পর্যায়ের কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ৪। | উপ-পরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিসিএস (পররাষ্ট্র বিষয়ক) ক্যাডারের সিনিয়র সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ৫। | সহকারী পরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিসিএস (পররাষ্ট্র বিষয়ক) ক্যাডারের সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ৬। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৭। | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** হিসাবরক্ষক পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বা ব্যবসায় প্রশাসন এ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ -তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি, অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, MS Excel, Word Processing কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুয়ায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮। | গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজিক বিজ্ঞানে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, MS Excel, Word Processing কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-৩ ও ১১ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | ফিজিক্যাল ইনস্ট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শরীর চর্চা শিক্ষা অথবা সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম কম্পিউটার-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি MS Word, MS Excel, Word Processing কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-৪ ও ১১ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | ব্যক্তিগত কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম কম্পিউটার-মুদ্রাক্ষরিক অথবা অভ্যর্থনাকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | তবে শর্ত থাকে যে, অভ্যর্থনাকারী পদধারীগণের ক্ষেত্রে কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা-২০ (বিশ) শব্দ এবং ইরেজিতে-২০ (বিশ) শব্দের গতির যোগ্যতা থাকতে হবে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (গ) তফসিল-৫ ও ১০ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | হিসাবরক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্বদ্যিালয় হইতে ব্যবসায় শিক্ষা বা ব্যবসায় প্রশাসন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৪ | অফিস সহকারী কাম কম্পিউটার-মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ডেসপাচ রাইডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা অফিস সহায়ক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি; এবং<br>(খ) তফসিল-১১ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৭ ও ১১ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | অভ্যর্থনাকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | সহকারী লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-৮ অনুযায়ী গৃহীত পরিক্ষায় উত্তীর্ণ। |
| ১৭। | ক্যাটালগার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ১ (এক) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-৮ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৮। | স্টোর-কিপার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ডেসপাচ রাইডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা অফিস সহায়ক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) তফসিল-৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯। | গাড়ীচালক (হালকা/ভারী) | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২০। | ডেসপাচ রাইডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটর সাইকেল চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী; এবং<br>(গ) তফসিল-৯ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৯ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**তফসিল-২**

[তফসিল-১ এর ক্রমিক নং ৭ দ্রষ্টব্য]

**হিসাবরক্ষণ কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৪০ | বাংলা, ইংরেজি এবং সাধারণ জ্ঞান প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ৩০%; | ৪ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ৪০ | | |
| | ৩। সাধারণ জ্ঞান | ৪০ | | |
| | ৪। প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল | ৮০ | প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে ৪৫% | |
| | | | সামগ্রিকভাবে ৫০% | |
| | মোট | ২০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০০ | ৫০% | |
| | সর্বমোট নম্বর | ৩০০ | | |

**বিশেষ দ্রষ্টব্য :** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৩**

[তফসিল-**১** এর ক্রমিক নং ৮ ও ৯ দ্রষ্টব্য]

**গবেষণা কর্মকর্তা ও ফিজিক্যাল ইনস্ট্রাক্টর পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৪০ | বাংলা, ইংরেজি এবং সাধারণ জ্ঞান প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ২৫%; | ৪ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ৪০ | | |
| | ৩। সাধারণ জ্ঞান | ৪০ | | |
| | ৪। প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল | ৮০ | প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে ৪০% | |
| | | | সামগ্রিকভাবে ৪৫% | |
| | মোট | ২০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৫০ | ৫০% | |
| | সর্বমোট নম্বর | ২৫০ | | |

**বিশেষ দ্রষ্টব্য :** (১) গবেষণা কর্মকর্তা পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে তফসিল-**১১** এ বর্ণিত কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

(২) ফিজিক্যাল ইনস্ট্রাক্টর পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৪**

**[তফসিল-১ এর ক্রমিক নং ১০ দ্রষ্টব্য]**

**প্রশাসনিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি**

| **পরীক্ষার নাম** | **পরীক্ষার বিষয়** | **পরীক্ষার নম্বর** | **সর্বনিম্ন পাস নম্বর** | **সময়** |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৫০ | বাংলা, ইংরেজি,সাধারণ জ্ঞান এবং গণিত ও মানসিক দক্ষতা প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ২৫% | ৪ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ৫০ | | |
| | ৩। সাধারণ জ্ঞান | ৪০ | | |
| | ৪। গণিত ও মানসিক দক্ষতা | ৬০ | | |
| | | | সামগ্রিকভাবে ৪৫% | |
| | মোট | ২০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৫০ | ৫০% | |
| সর্বমোট নম্বর | | ২৫০ | | |

**বিশেষ দ্রষ্টব্য :** প্রশাসনিক কর্মকর্তা পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে তফসিল-১১ এ বর্ণিত কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হইবে।

**তফসিল-৫**

**[তফসিল-১ এর ক্রমিক নং ১১ দ্রষ্টব্য]**

**ব্যক্তিগত কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি**

| **পরীক্ষার নাম** | **পরীক্ষার বিষয়** | **পরীক্ষার নম্বর** | **সর্বনিম্ন পাস নম্বর** | **সময়** |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২৫ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২৫ | | |
| | ৩। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | ৪। গণিত | ২০ | | |
| | মোট | ৯০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | ৫০% | |
| সর্বমোট নম্বর | | ১০০ | | |

**বিশেষ দ্রষ্টব্য :** (১) লিখিত পরীক্ষা এবং তফসিল-১০ এ বর্ণিত সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৬**

**[তফসিল-১ এর ক্রমিক নং ১২ দ্রষ্টব্য]**

**হিসাবরক্ষক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৩০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ৩০ | | |
| | ৩। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | ৪। গণিত | ২০ | | |
| | মোট | ১০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | ৫০% | |
| সর্বমোট নম্বর | | ১১০ | | |

**বিশেষ দ্রষ্টব্য :** (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) কম্পিউটারে Word processing-সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৭**

**[তফসিল-১ এর ক্রমিক নং ১৪, ১৫ ও ১৮ দ্রষ্টব্য]**

**অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, অভ্যর্থনাকারী ও স্টোর-কিপার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | ৪। গণিত | ২০ | | |
| | মোট | ৮০ | | |
| মৌখিক পরীক্ষা | | ২০ | ৫০% | |
| সর্বমোট নম্বর | | ১০০ | | |

**বিশেষ দ্রষ্টব্য :** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৮**

**[তফসিল-১ এর ক্রমিক নং ১৬ ও ১৭ দ্রষ্টব্য]**

**সহকারী লাইব্রেরিয়ান ও ক্যাটালগার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | ৪। পদ সংশ্লিষ্ট বিষয় | ২০ | | |
| | মোট | ৮০ | | |
| মৌখিক পরীক্ষা | | ২০ | ৫০% | |
| সর্বমোট নম্বর | | ১০০ | | |

**বিশেষ দ্রষ্টব্য :** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৯**

**[তফসিল-১ এর ক্রমিক নং ২০ ও ২১ দ্রষ্টব্য]**

**ডেসপাচ রাইডার ও অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ১০ | ৫০% | ১ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ১০ | | |
| | ৩। গণিত | ১০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৪০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | ৫০% | |
| সর্বমোট নম্বর | | ৫০ | | |

**বিশেষ দ্রষ্টব্য :**

(১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) ডেসপাচ রাইডার পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের পরীক্ষকের উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং উক্ত পরীক্ষক কর্তৃক সুপারিশকৃত হইতে হইবে।

**তফসিল-১০**

**[তফসিল-১ এর ক্রমিক নং ১১ দ্রষ্টব্য]**

**ব্যক্তিগত কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি**

| পদের নাম | পরীক্ষার বিষয় | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ব্যক্তিগত কর্মকর্তা | সাঁটলিপি | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**বিশেষ দ্রষ্টব্য :** (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) উভয় ক্ষেত্রে ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ)টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) উভয় ক্ষেত্রে সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-১১**

**[তফসিল-১ এর ক্রমিক নং ৮, ১০ ও ১৪ দ্রষ্টব্য]**

**গবেষণা কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে পদোন্নতি বা, ক্ষেত্রমত, সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি**

| ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**বিশেষ দ্রষ্টব্য :** (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ)টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসীম উদ্দিন**
পররাষ্ট্র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd